গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য মন্ত্রণালয়
বাজেট-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

বিষয়: তথ্য মন্ত্রণালয়ের ২০১৯-২০ অর্থবছরের "বাজেট ব্যবস্থাপনা কমিটি (বিএমসি)" সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | আবদুল মালেক<br>সচিব, তথ্য মন্ত্রণালয় |
| তারিখ ও সময় | : | ১৬ অক্টোবর, ২০১৯, বিকাল ২:৪৫ মিনিট |
| স্থান | : | মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৮৩৪, ভবন নং-৪)। |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

সভাপতি সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন ও চলচ্চিত্র) ২০১৯-২০ অর্থবছরের প্রথম প্রান্তিকের (জুলাই-সেপ্টেম্বর/১৯) পর্যন্ত বাজেট, এপিএ, ক্রয় পরিকল্পনা ও রাজস্ব প্রাপ্তির বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন।

২. বাজেট বাস্তবায়ন অগ্রগতি:

২.১. অতিরিক্ত সচিব (প্রশাসন ও চলচ্চিত্র) সভাকে অবহিত করেন যে, ২০১৯-২০ অর্থবছরে তথ্য মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের অনুকূলে পরিচালন ব্যয় খাতে ৭০৩ কোটি ৮৯ লক্ষ টাকা এবং উন্নয়ন ব্যয় খাতে ২৮৫ কোটি ২৬ লক্ষ টাকাসহ মোট মোট ৯৮৯ কোটি ১৫ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়। প্রথম প্রান্তিকে পরিচালন ব্যয় খাতে ব্যয়ের লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল ১৯৮ কোটি ৯৮ লক্ষ ৬৬ হাজার টাকা (২৮%)। প্রকৃত ব্যয় হয়েছে ১৯২ কোটি ২২ লক্ষ ৯৯ হাজার টাকা ( ২৭%)। উন্নয়ন ব্যয় খাতে প্রথম প্রান্তিকে ব্যয়ের লক্ষ্যমাত্রা ছিল ৪৬ কোটি ০২ লক্ষ ৮০ হাজার টাকা (১৬%)। প্রকৃত ব্যয় হয়েছে ০৭কোটি ৪২ লক্ষ ১৪ হাজার টাকা (৭%)। পরিচালন ও উন্নয়ন ব্যয়ের সমন্বিত লক্ষ্যমাত্রা ২৫% এর বিপরীতে অগ্রগতি হয়েছে ২১%।

২.২. সভাপতি যে সকল সংস্থার লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি এবং উন্নয়ন খাতে ব্যয় কম হওয়ার কারণ ব্যাখ্যাসহ সংশ্লিষ্ট সকলকে কার্যকরী পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করেন।

২.৩. সিদ্ধান্ত:

২.৩.১ চলতি ২০১৯-২০ অর্থবছরের প্রথম প্রান্তিকের (জুলাই-সেপ্টেম্বর/১৯) পর্যন্ত বাজেট বাস্তবায়ন প্রতিবেদন চূড়ান্ত করা হলো।

২.৩.২ চলতি ২০১৯-২০ অর্থবছরে যে সকল সংস্থা পরিচালন ব্যয় খাতে লক্ষ্যমাত্রা অর্জনে সক্ষম হয়নি সে সকল সংস্থা পরবর্তী প্রান্তিকে অগ্রগতি অর্জনে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করবে।

২.৩.৩ চলতি ২০১৯-২০ অর্থ বছরে উন্নয়ন বাজেটের উল্লেখযোগ্য বাস্তবায়ন অগ্রগতি অর্জনে পরিকল্পনা অধিশাখা কার্যকরী পদক্ষেপ গ্রহণ করবে।

৩. এপিএ বাস্তবায়ন অগ্রগতি:

৩.১. অতিরিক্ত সচিব (প্রশাসন ও চলচ্চিত্র) সভাকে জানান যে, ২০১৯-২০ অর্থবছরে তথ্য মন্ত্রণালয়ের APAভুক্ত কৌলশগত উদ্দেশ্যের কর্মসম্পাদন সূচক ৫৩টি। ৫৩ টি কর্মসম্পাদন সূচকের মধ্যে ২৪টি সূচকের অগ্রগতি ২৫% এর উপরে, ১০টি সূচকের অগ্রগতি ২৫% এর নিচে এবং ১৯টি সূচকের অগ্রগতি শূন্য রয়েছে। তবে যে সকল সূচকের অগ্রগতি ২৫% এর নিচে এবং শূন্য অগ্রগতি হয়েছে সে সকল সূচকসমূহের কিছু সূচকের অগ্রগতি পরবর্তী প্রান্তিকে এবং সর্বোপরি শেষ প্রান্তিকে অর্জিত হবে।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য-

৩.২. তথ্য মন্ত্রণালয়ের APAভুক্ত ৩৪টি আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের মধ্যে ০৩টি সমাপ্ত, ১১টির বাস্তবায়ন অগ্রগতি ২৫% এর মধ্যে এবং অবশিষ্ট ২০টি সূচক অর্থবছরের বিভিন্ন সময়ের মধ্যে বাস্তবায়নের জন্য নির্ধারিত।

৩.৩. সভাপতি APAভুক্ত কর্মসম্পাদন সূচকসমূহ যথাযথভাবে বাস্তবায়ন অগ্রগতি নিশ্চিতকরণের জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করেন।

৩.৪ সিদ্ধান্ত:

২০১৯-২০ অর্থবছরের প্রথম প্রান্তিকের (জুলাই-সেপ্টেম্বর/১৯) পর্যন্ত APA বাস্তবায়ন প্রতিবেদন চূড়ান্ত করা হলো।

৪. ক্রয় কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি:

৪.১ চলতি ২০১৯-২০ অর্থবছরে পরিচালন বাজেটের মধ্যে মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থাসমূহের ৭৫টি ই-টেন্ডার ও ৩৫৮ টি ম্যানুয়েল টেন্ডারসহ মোট ক্রয় সংখ্যা ৪৩৩টি। তন্মধ্যে প্রথম প্রান্তিকে (জুলাই-সেপ্টেম্বর/১৯) ০৪টি ই-টেন্ডারসহ ৪২টি ক্রয় সম্পন্ন হয়েছে। বাস্তবায়ন অগ্রগতি ১০%।

৪.২ সভাপতি অর্থবছরের শেষ প্রান্তিকে ক্রয় কার্যক্রম পরিহারের লক্ষ্যে তৃতীয় প্রান্তিকের মধ্যে সকল ক্রয় কার্যক্রম সম্পন্ন করার উপর গুরুত্ব আরোপ করেন। সে লক্ষ্যে ২য় প্রান্তিকের মধ্যে উল্লেখযোগ্য ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করার জন্য দপ্তর/সংস্থাকে নির্দেশনা প্রদান করেন।

৪.৩ সিদ্ধান্ত:

২০১৯-২০ অর্থ বছরের পরিচালন ব্যয় খাতের ক্রয়কার্যক্রমভুক্ত ই-টেন্ডারসহ সকল ক্রয়ের দরপত্র আহবানসহ ক্রয় প্রক্রিয়া সময়ানুপাতিক হারে সম্পন্ন করতে হবে।

৫. রাজস্ব প্রাপ্তির বাস্তবায়ন অগ্রগতি:

৫.১. চলতি ২০১৯-২০ অর্থবছরে মন্ত্রণালয় ও আওতাধীন ৮টি দপ্তর/সংস্থার রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা ছিল ৬৭ কোটি ৬৮ লক্ষ ৬৬ হাজার টাকা। তন্মধ্যে ১ম প্রান্তিকে রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা ছিল ১১ কোটি ৪০ লক্ষ ৫৩ হাজার টাকা (১৭%)। প্রকৃত আদায় হয়েছে ১৬ কোটি ৮২ লক্ষ ৭৮ হাজার টাকা (২৫%)। তবে সচিবালয় অংশে প্রাপ্ত রাজস্বের মধ্যে গত অর্থবছরের বকেয়া আদায় হয়েছে।

৫.২ সভাপতি সচিবালয় অংশে রাজস্ব প্রাপ্তির বকেয়া আদায়ের পৃথক হিসাব বিবরণী প্রণয়নের জন্য হিসাব রক্ষণ কর্মকর্তা ও উপসচিব (টিভি-২) কে নির্দেশনা দেন।

৫.৩ সিদ্ধান্ত:

সরকারের রাজস্ব আহরণে গতিশীলতা আনয়নের লক্ষ্যে তথ্য মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থা নিয়মিত রাজস্ব আদায়ে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করবে।

৬. সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(আবদুল মালেক)
সচিব
ও
সভাপতি
বাজেট ব্যবস্থাপনা কমিটি

নং-১৫.০০.০০০০০.০১৬.২০.০১০.১৯-৪০৭(৩৮)

তারিখ: ০৫ কার্তিক ১৪২৬ / ২১ অক্টোবর ২০১৯

অপর পৃষ্ঠায় বর্ণিত সিদ্ধান্ত বাস্তবায়নের অনুরোধ জানিয়ে কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

(মোহা: মনিরুল ইসলাম)
সহকারী সচিব
☎ ৯৫৪০২২০
E-mail:budget1@moi.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতানুযায়ী নয়):**

০১। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃ: আ: সিনিয়র সহকারী সচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা (বাস্তবায়ন পরিবীক্ষণ-২) শাখা পরিবহন পুল ভবন, ১০ম তলা, ঢাকা)
০২। অতিরিক্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, ঢাকা।
০৩। অতিরিক্ত সচিব (প্রশাসন ও চলচ্চিত্র/উন্নয়ন/সম্প্রচার), তথ্য মন্ত্রণালয়, ঢাকা।
০৪। যুগ্মসচিব (বাজেট-৩), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। যুগ্ম-সচিব (প্রশাসন/বাজেট/প্রেস), তথ্য মন্ত্রণালয়, ঢাকা।
০৬। যুগ্ম-প্রধান, পরিকল্পনা অধিশাখা, তথ্য মন্ত্রণালয়, ঢাকা।
০৭। উপ-সচিব (প্রশাসন-৪/প্রশাসন-১/প্রশাসন-২/টিভি-২/চলচ্চিত্র-১/২/তগ-২/প্রেস-১/২), তথ্য মন্ত্রণালয়, ঢাকা।
০৮। উপ-প্রধান (স্কাইসোয়াম উইং), পরিকল্পনা কমিশন, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
০৯। পরিচালক, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (শিক্ষা ও সামাজিক সেক্টর), শেরেবাংলা নগর, ঢাকা।
১০। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, তথ্য মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
১১। সিস্টেম এনালিস্ট, তথ্য মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২। সহকারী সচিব (প্রশাসন-৩)/হিসাব রক্ষণ কর্মকর্তা, তথ্য মন্ত্রণালয়, ঢাকা।

**দপ্তর/সংস্থা:**

০১। ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান সম্পাদক, বাংলাদেশ সংবাদ সংস্থা, ঢাকা।
০২। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
০৩। প্রধান নির্বাহী, বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট, ঢাকা।
০৪। মহাপরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা।
০৫। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন, ঢাকা।
০৬। মহাপরিচালক, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।
০৭। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮। সচিব, তথ্য কমিশন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
০৯। মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা।
১০। মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা।
১১। ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ড, ঢাকা।
১২। মহাপরিচালক, বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট, ঢাকা।
১৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাষ্ট, ৩, সার্কিট হাউজ রোড, ঢাকা।
১৪। মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, ঢাকা।
১৫। সচিব, বাংলাদেশ প্রেস কাউন্সিল, ঢাকা।

**সদয় অবগতির জন্য:**

০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।